গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১৮১

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ / ০৯ জুলাই ২০২৬

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

১। **সর্বশেষ আবহাওয়ার পরিস্থিতি:**

সুস্পষ্ট নিম্নচাপটি উত্তর-পশ্চিম মধ্যপ্রদেশ ও সংলগ্ন এলাকায় অবস্থান করছে।। এটি আরও পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে এরপর উত্তর-পূর্ব দিকে অগ্রসর হতে পারে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ু চাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার উপর দিয়ে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।

চট্টগ্রাম, কক্সবাজার, মোংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ০৩ (তিন) নম্বর (পুন:) ০৩ (তিন) নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

২। **আজ ০৯ জুলাই ২০২৬ সকাল ৯.০০ টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
রংপুর, দিনাজপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, কুষ্টিয়া, যশোর, খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার এবং সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে দমকা অথবা ঝড়োহাওয়াসহ অস্থায়ীভাবে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নৌবন্দরসমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। **ভারী বৃষ্টিপাতের সতর্কবার্তা:**
সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে আজ (০৯-০৭-২০২৬ খ্রি.) সকাল ৬.০০ টা থেকে পরবর্তী ৪৮ ঘন্টায় রংপুর, রাজশাহী, ময়মনসিংহ, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম, ও সিলেট বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৪৮ মি.মি./২৪ ঘন্টা) থেকে অতি ভারী (>৮৮মি.মি./২৪ ঘন্টা) বর্ষণ হতে পারে।
ভারী থেকে অতি ভারী বর্ষণের কারণে ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর কোথাও কোথাও অস্থায়ীভাবে জলাবদ্ধতাসহ চট্টগ্রাম বিভাগের পাহাড়ি এলাকার কোথাও কোথাও ভূমিধ্বস হতে পারে।

৪। **আজ ০৯.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ১২০ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**
**সিনপটিক অবস্থা:** সুস্পষ্ট লঘুচাপটি উত্তরপশ্চিম মধ্য প্রদেশ ও তৎসংলগ্ন এলাকায় বিরাজমান রয়েছে। এটি কিছু সময় উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে পরবর্তীতে উত্তর-পূর্ব দিকে বাঁক নেওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে। মৌসুমি বায়ুর বর্ধিতাংশের অক্ষ রাজস্থান, সুস্পষ্ট লঘুচাপের কেন্দ্রস্থল, বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে প্রবল অবস্থায় রয়েছে।

পূর্বাভাস:
**প্রথম দিন (০৯.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের ভারী বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**দ্বিতীয় দিন (১০.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**তৃতীয় দিন (১১.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**চতুর্থ দিন (১২.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

**পঞ্চম দিন (১৩.০৭.২০২৬ তারিখ সকাল ০৯ টা থেকে):**
**বৃষ্টিপাত:** রাজশাহী, রংপুর, খুলনা ও বরিশাল বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে

দমকা হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে সারাদেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।
**তাপমাত্রা:** সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**বর্ধিত ৫ (পাঁচ) দিনের আবহাওয়ার অবস্থা:** বৃষ্টিপাতের প্রবণতা কমতে পারে।
**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | রাজশাহী | রংপুর | ময়মনসিংহ | সিলেট | চট্টগ্রাম | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩১.০ ফরিদপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ | **৩৩.২ রাজশাহী** | ৩০.৫ ডিমলা_ | ৩০.০ ময়মনসিংহ | ২৯.৪ শ্রীমঙ্গল | ৩১.৫ চাঁদপুর | ৩২.৮ যশোর | ২৯.৭ ভোলা |
| নিম্ন তাপমাত্রা | **২৩.০ নারায়ণগঞ্জ** | ২৪.০ তাড়াশ | ২৫.০ রাজারহাট | ২৫.৮ ময়মনসিংহ | ২৩.৯ সিলেট | ২৩.৮ বান্দরবান | ২৫.৬ সাতক্ষীরা | ২৫.২ বরিশাল |

গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল **রাজশাহী ৩৩.২$^{o}$** এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা **নারায়ণগঞ্জ ২৩.০$^{o}$** ।
(তথ্য সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)।

**বজ্রবৃষ্টি ও বজ্রপাতের সময় করণীয়:**

- বজ্রপাত হলে ঘরের মধ্যে থাকুন;
- জানালা ও দরজা বন্ধ রাখুন;
- সম্ভব হলে যাত্রা এড়িয়ে চলুন;
- নিরাপদ আশ্রয়ে আশ্রয় নিন;
- গাছের নিচে আশ্রয় নেবেন না;
- কংক্রিটের মেঝেতে শয়ন করবেন না এবং কংক্রিটের দেয়ালে হেলান দেবেন না;
- বৈদ্যুতিক ও ইলেক্ট্রনিক ডিভাইসগুলির প্লাগ খুলে দিন;
- জলাশয় থেকে তাৎক্ষণিকভাবে উঠে আসুন;
- বিদ্যুৎ পরিবাহক বস্তু থেকে দূরে থাকুন;
- শিলা বৃষ্টির সময় ঘরে অবস্থান করুন।

**৫। বৃষ্টিপাত ও নদ-নদীর পরিস্থিতি এবং পূর্বাভাস:**
**(২৫ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ /০৯ জুলাই, ২০২৬ খ্রি.)**

***বিপদসীমার / সতর্কসীমার উপরে নদ-নদীর তথ্য:***

- **সাঙ্গু নদী বান্দরবান (বান্দরবান) ও দোহাজারী (চট্টগ্রাম) স্টেশনে; মাতামুহুরি নদী লামা (কক্সবাজার) ও চিরিঙ্গা (চট্টগ্রাম) স্টেশনে; মনু নদী মনু রেল ব্রীজ (মৌলভীবাজার) ও মৌলভীবাজার (মৌলভীবাজার) স্টেশনে; খোয়াই নদী বাল্লাহ (হবিগঞ্জ) ও হবিগঞ্জ (হবিগঞ্জ) স্টেশনে; ধলাই নদী কমলগঞ্জ (মৌলভীবাজার) এবং কুশিয়ারা নদী মারকুলি (সুনামগঞ্জ) স্টেশনে বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে।**

***বৃষ্টিপাতের পূর্বাভাস:***

- আগামী ০২ দিন **সিলেট, চট্টগ্রাম, রংপুর, ময়মনসিংহ, রাজশাহী** বিভাগ এবং তৎসংলগ্ন উজানে ভারতের **ত্রিপুরা, আসাম, মেঘালয় ও পশ্চিমবঙ্গ** প্রদেশে **ভারি থেকে অতি ভারি** বৃষ্টিপাতের পূর্বাভাস রয়েছে।

***বন্যা সতর্কতা:***

- গত ২৪ ঘণ্টায় পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় চট্টগ্রাম বিভাগের নদীসমূহের পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে। **আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় বান্দরবান, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার সাঙ্গু, মাতামুহুরী ইত্যাদি নদীর পানি সমতল বৃদ্ধি পেতে পারে এবং নদী সংলগ্ন নিম্নাঞ্চলসমূহে বন্যা পরিস্থিতি বিরাজ করতে পারে। অপরদিকে ফেনী, চট্টগ্রাম ও খাগড়াছড়ি জেলার গোমতী, মুহুরী, ফেনী, সেলোনিয়া, হালদা নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়ে কিছু কিছু স্থানে বিপদসীমার (Danger Level)** উপর দিয়ে প্রবাহিত হয়ে **নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে। এছাড়া লক্ষ্মীপুর ও নোয়াখালী জেলার নদীসংলগ্ন নিম্নাঞ্চল কোথাও কোথাও সাময়িকভাবে প্লাবিত হতে পারে।**
- গত ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলীয় সিলেট ও ময়মনসিংহ বিভাগের নদীসমূহের পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে; **আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার মনু, ধলাই, খোয়াই ইত্যাদি নদীর পানি সমতল স্থিতিশীল থাকতে পারে এবং নদী সংলগ্ন নিম্নাঞ্চলসমূহে বন্যা পরিস্থিতি স্থিতিশীল থাকতে পারে। অপরদিকে সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোণা, শেরপুর ও ময়মনসিংহ জেলার সারিগোয়াইন, সোমেশ্বরী, যাদুকাটা ও ভুগাই-কংস ইত্যাদি নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়ে কিছু কিছু স্থানে বিপদসীমার (Danger Level) উপর দিয়ে প্রবাহিত হতে পারে ও নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে।**
- গত ২৪ ঘণ্টায় উত্তর-পূর্বাঞ্চলের **সুরমা- কুশিয়ারা** নদীসমূহের পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে; যা আগামী **০৩ দিন দ্রুত** বৃদ্ধি পেয়ে **সিলেট ও সুনামগঞ্জ জেলায় বিপদসীমার (Danger Level) উপর দিয়ে প্রবাহিত হয়ে নদীসংলগ্ন নিম্নাঞ্চল কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির উদ্ভব অথবা অবনতি হতে পারে।**
- গত ২৪ ঘণ্টায় উত্তরাঞ্চলীয় রংপুর বিভাগের **ধরলা ও দুধকুমার** নদীসমূহের পানি সমতল **বৃদ্ধি** পেয়েছে, অপরদিকে তিস্তা নদীর পানি সমতল স্থিতিশীল আছে। **আগামী ২৪ থেকে ৪৮ ঘণ্টায় নীলফামারী, লালমনিরহাট ও রংপুর জেলার তিস্তা নদীর পানি সমতল বৃদ্ধি পেয়ে কিছু কিছু স্থানে বিপদসীমার (Danger Level) উপর দিয়ে প্রবাহিত হয়ে নদীসংলগ্ন নিম্নাঞ্চলে কোথাও কোথাও স্বল্পমেয়াদী বন্যা পরিস্থিতির উদ্ভব হতে পারে। এছাড়াও আগামী ৭২ ঘণ্টায় লালমনিরহাট, কুড়িগ্রাম জেলার ধরলা ও দুধকুমার নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পেয়ে সতর্কসীমায় (Warning Level) প্রবাহিত হতে পারে এবং নদীসংলগ্ন নিম্নাঞ্চল কোথাও কোথাও সাময়িকভাবে প্লাবিত হতে পারে।**

(২৫ আষাঢ়, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৯ জুলাই, ২০২৬ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী)

**বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন:**

| মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত নদীর নাম | মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল স্টেশনের নাম | মৌসুমী বিপদসীমা উপর দিয়ে প্রবাহিত পানি সমতল জেলার নাম | মৌসুমী বিপদসীমা (মিটার) | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | মৌসুমী বিপদসীমা উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|---|
| কুশিয়ারা | মারকুলি | সুনামগঞ্জ | ৭.০৫ | ৭.১৬ | +৪৬ | +১১ |
| মনু | মনু রেলওয়ে ব্রিজ | মৌলভীবাজার | ১৭.৫৫ | ১৮.১০ | +৩২৫ | +৫৫ |
| মনু | মৌলভীবাজার | মৌলভীবাজার | ১১.৩০ | ১১.৮৫ | +২৫৯ | +৫৫ |
| ধলাই | কমলগঞ্জ | মৌলভীবাজার | ১৯.৩৫ | ১৯.৬৮ | +২০৮ | +৩৩ |
| খোয়াই | বাল্লাহ | হবিগঞ্জ | ২১.২০ | ২৩.৪০ | +২৯৫ | +২২০ |
| খোয়াই | হবিগঞ্জ | হবিগঞ্জ | ৯.০৫ | ১০.২০ | +৪৮০ | +১১৫ |
| সাঙ্গু | বান্দরবান | বান্দরবন | ১৪.৮০ | ১৬.১২ | +৪৬ | +১৩২ |
| সাঙ্গু | দোহাজারী | চট্টগ্রাম | ৬.৫৫ | ৬.৬৯ | +৮২ | +১৪ |
| মাতামুহুরী | লামা | বান্দরবন | ১১.৮০ | ১৩.৩৪ | +১৪০ | +১৫৪ |
| মাতামুহুরী | চিরিংগা | কক্সবাজার | ৫.৮০ | ৬.২৯ | +৯১ | +৪৯ |

**গত ২৪ ঘন্টায় উল্লেখযোগ্য বারিপাত তথ্য:**
**বাংলাদেশের অভ্যন্তরে:**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| চট্টগ্রাম | ২৯৮.০ | সুনামগঞ্জ | ২৬৫.০ |
| আত্রাই (নওগাঁ) | ২৬০.০ | নওগাঁ | ২৪০.০ |
| লামা (বান্দরবন) | ২০৭.০ | বান্দরবন | ১৯৬.০ |
| মহাদেবপুর (নওগাঁ) | ১৯৩.০ | বরগুনা | ১৮৮.০ |
| সিরাজগঞ্জ | ১৬৩.০ | জারিয়াজাঞ্জাইল (নেত্রকোনা) | ১৬০.০ |
| জাফলং (সিলেট) | ১৪৫.০ | হরিদাশপুর (গোপালগঞ্জ) | ১৩৮.০ |
| লরেরগড় (সুনামগঞ্জ) | ১২৬.০ | চিলমারী (কুড়িগ্রাম) | ১২৫.০ |
| কক্সবাজার | ১২৫.০ | রাঙ্গামাটি | ১২৫.০ |
| শেওলা (সিলেট) | ১২২.০ | রোহানপুর (চাঁপাইনবাবগঞ্জ) | ১১৭.০ |
| কমলগঞ্জ (মৌলভীবাজার) | ১১৪.০ | লালাখাল (সিলেট) | ১১৪.০ |
| শ্রীমঙ্গাল (মৌলভীবাজার) | ১১৪.০ | টেকনাফ (কক্সবাজার) | ১১৩.০ |
| ইটাখোলা (হবিগঞ্জ) | ১০৭.০ | খুলনা | ১০৭.০ |
| নারায়াণহাট (চট্টগ্রাম) | ১০৭.০ | নাকুয়াগাঁও (শেরপুর) | ১০৬.০ |
| রামগড় (চট্টগ্রাম) | ১০২.০ | জামালপুর | ১০১.০ |

**ভারতের উত্তর পূর্বাঞ্চলের সিকিম, অরুণাচল, আসাম, মেঘালয় ও ত্রিপুরা অঞ্চলে:**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| মাউকিরওয়াত (মেঘালয়) | ২৪৫.০ | চেরাপুঞ্জি (মেঘালয়) | ২২৪.০ |
| আর এম কে সোহরা (মেঘালয়) | ২১১.০ | উইলিয়ামনগর (মেঘালয়) | ২০১.০ |
| মাওসিনরাম (মেঘালয়) | ১৯৬.০ | রাতাচেরা (মেঘালয়) | ১৫৫.০ |
| কালিম্পং (পশ্চিমবঙ্গা) | ১৩৭.০ | কুমারঘাট (ত্রিপুরা) (CWC) | ১২৮.০ |
| দার্জিলিং (পশ্চিমবঙ্গা) | ১২৬.০ | খোয়াই (ত্রিপুরা) (CWC) | ১২৬.০ |
| অমরপুর (ত্রিপুরা) (CWC) | ১১৯.০ | কৈলাশহর (ত্রিপুরা) | ১১১.০ |
| মানুঘাট (ত্রিপুরা) (CWC) | ৮৪.০ | সাবরাম (ত্রিপুরা) (CWC) | ৮২.০ |
| সোনামুরা (ত্রিপুরা) (CWC) | ৬৪.০ | আগরতলা (ত্রিপুরা) | ৫৮.০ |

**নদ-নদীর অবস্থা**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১২৭ | গেজ স্টেশন বন্ধ আছে | ০০ |
| বৃদ্ধি | ৯৩ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| হ্রাস | ৩১ | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| অপরিবর্তিত | ০৩ | বিপদসীমার উপরে স্টেশন সংখ্যা | **১০** |
| **(পর্যবেক্ষণকৃত স্টেশন সমূহের তথ্যের ভিত্তিতে)** | | | |
| বিপদসীমার উপরে নদীর সংখ্যা | ০৬ | | |
| নদীসমূহ সংলগ্ন জেলা | হবিগঞ্জ, মৌলভীবাজার, চট্টগ্রাম, কক্সবাজার ও বান্দরবান। | | |

৬। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ০৭ জুলাই ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা থেকে ০৮ জুলাই ২০২৬ খ্রি: তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট **০৭ টি** অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ৪ | ০ | ০ |
| ২. | ময়মনসিংহ | ০ | ০ | ০ |
| ৩. | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪. | সিলেট | ০ | ০ | ০ |
| ৫. | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬. | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৭. | খুলনা | ০ | ০ | ০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮. | রংপুর | ২ | ০ | ০ |
| | **মোট** | **০৭** | **০** | 0 |

০৯-০৭-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন : ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স : ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল : controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৫১.০১.০০০০.০০০.০২৭.১৫.০০০১.২৬.১৮১/১ (১৭)

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩
০৯ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
৬। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৭। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৯। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১০। বিভাগীয় কমিশনার (সকল)।
১১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।।
১২। জেলা প্রশাসক (সকল)।
১৩। উপপরিচালক, প্রশাসন-১ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৪। উপপরিচালক, প্রশাসন-২ অধিশাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
১৬। নির্বাহী প্রকৌশলী (পুর), বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
১৭। প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।

০৯-০৭-২০২৬
মোঃ জাহিদ হাসান
ভারপ্রাপ্ত কর্মকর্তা